আজকের কাগজ

তারিখ ...26 FEB 1994... ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২....

31

# শিক্ষক সংকটে পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট বন্ধের উপক্রম

জিএম তালুকদার ঃ শিক্ষক বিহীন পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট শুরুতেই বন্ধের উপক্রম হয়েছে। শিক্ষকের ২৫টি পদ থাকলেও রয়েছেন মাত্র ১ জন শিক্ষক। অধ্যক্ষ না থাকার কারণে উপাধ্যক্ষ ঐ শিক্ষকই ভারপ্রাপ্ত অধ্যক্ষ। ছাত্ররা ক্লাসে এসে শিক্ষক না থাকায় গল্প গুজব করে ফিরে যাচ্ছে। গত জুলাই মাসে পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট দু'টি কোর্স নিয়ে চালু করা হয়। কোর্স দু'টি হচ্ছে সিভিল ইঞ্জিনিয়ারিং এবং ইলেট্রিক ট্রেড। এ দু'টি কোর্সে ৮৩ জন শিক্ষার্থী ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে ১ জন শিক্ষার্থী ইতিমধ্যেই অন্যত্র চলে গেছেন। এ ইনস্টিটিউটে ২৫ জন শিক্ষকের পদসহ ৯০টি কর্মকর্তা, কর্মচারি পদ রয়েছে। কিন্তু অদ্যাবধি একজন উপাধ্যক্ষ ছাড়া কোনো শিক্ষক যোগদান করেননি। বরিশাল ও ঝালকাঠি পলিটেকনিক থেকে ৫ জন শিক্ষক এনে গত কয়েকমাস ক্লাস চালানো হয়েছে। কিন্তু এ ৫ জন শিক্ষকও পটুয়াখালী ত্যাগ করেছেন। ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এ তথ্য জানান। উচ্চাকাংখা ও কারিগরি শিক্ষা গ্রহণের আশায় ভর্তিকৃত ছাত্ররা বই খাতা নিয়ে এখানে এসে গল্প গুজব করে ফিরে যাচ্ছে। চরম অনিশ্চয়তার সম্মুখীন হয়েছে এসব ছাত্ররা। দু'বছরের নির্ধারিত সিলেবাস শেষ হতে অতিরিক্ত আরো ১ বছর লাগবে বলে জানা গেছে। সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের আশু দৃষ্টি কামনা করেছেন ভুক্তিভোগী অভিভাবকরা।